

**বিসিএস সাধারণ শিক্ষা পরিষদের নতুন কমিটি**

১০ই মে ঢাকার শহীদ সোহরাওয়ার্দী কলেজে বাংলাদেশ সরকারি কলেজ শিক্ষক পরিষদের বিহারিত কাউন্সিল অধিবেশন অনুষ্ঠিত হয়। দেশের বিভিন্ন সরকারি কলেজ থেকে আগত কাউন্সিলরগণের সর্বসম্মত সিদ্ধান্ত মোতাবেক পরিষদের সংবিধানে সংশোধনী এনে বাংলাদেশ সরকারি কলেজ শিক্ষক পরিষদের নাম পরিবর্তন করে 'বিসিএস সাধারণ শিক্ষা পরিষদ' নামকরণ করা হয়। ওই কাউন্সিল অধিবেশনে আগামী ২ বছরের জন্য অধ্যক্ষ মো. আলী আকবর খান ডলারকে সভাপতিমণ্ডলীর সভাপতি, অধ্যাপক মুহম্মদ মতিউর রহমান গাফ্ফারীকে মহাসচিব এবং অধ্যাপক মো. মজিবুর রহমান হাওলাদারকে কোষাধ্যক্ষ করে ১৪৬ সদস্যবিশিষ্ট বিসিএস সাধারণ শিক্ষা পরিষদের একটি কার্যনির্বাহী কমিটি নির্বাচিত হয়। সংবাদ বিজ্ঞপ্তি।